

ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত “উপজেলা টাস্কফোর্স” কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মুহাম্মদ নাজমুল হক, উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী।

সভার স্থানঃ উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ।

তাংঃ ১৯/০৯/২০১৯ খ্রি. সময়ঃ ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিতির বিবরণ

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
১.	উপজেলা কৃষি অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
২	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
৩	উপজেলা সমাজসেবা অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
৪	অফিসার ইনচার্জ, চারঘাট মডেল থানা, চারঘাট, রাজশাহী।	সদস্য	-	
৫	উপজেলা শিক্ষা অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
৬	উপজেলা পল্লীউন্নয়ন অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
৮	উপজেলা সমবায় অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
৯	উপজেলা যুবউন্নয়ন অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
১০	উপজেলা আনসার ভিডিপি অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য	-	
১১	চেয়ারম্যান, ইউসুফপুর, ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
১২	চেয়ারম্যান, শলুয়া, ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী।	সদস্য	-	
১৩	চেয়ারম্যান, সরদহ, ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
১৪	চেয়ারম্যান, নিমপাড়া, ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
১৫	চেয়ারম্যান, চারঘাট, ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
১৬	চেয়ারম্যান, ভায়ালক্ষীপুর, ইউনিয়ন পরিষদ, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
১৭	কমান্ডার, সাহাপুর বিওপি, বিজিবি, চারঘাট, রাজশাহী।	সদস্য	-	
১৮	কমান্ডার, ইউসুফপুর বিওপি, বিজিবি, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
১৯	কমান্ডার, চারঘাট বিওপি, বিজিবি, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
২০	কমান্ডার, চারঘাট বিকল্প বিওপি, বিজিবি, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
২১	সভাপতি, ইউসুফপুর-টাংগন মৎস্যজীবী সমিতি, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
২২	সভাপতি, সাদিপুর মৎস্যজীবী সমিতি, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
২৩	সভাপতি, ঝিকরা মৎস্যজীবী সমিতি, চারঘাট, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত	
২৪	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চারঘাট, রাজশাহী।	সদস্য সচিব	স্বাক্ষরিত	

আলোচ্য বিষয়ঃ

১. জাতীয় মাছ ইলিশ সম্পদ উন্নয়নের লক্ষ্যে মা ইলিশ সংরক্ষণ বিষয়ক আলোচনা।

২. বিবিধ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি অধ্যকার সভার সদস্য সচিব সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চারঘাট, রাজশাহীকে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করতে বলেন।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, চলতি ২০১৯-২০২০ অর্থ বছরে ৩৬টি জেলার ১৫৮টি উপজেলার ইলিশ সংরক্ষণ কার্যক্রমের কর্ম এলাকার মধ্যে চারঘাট উপজেলা। এরই প্রেক্ষিতে ইলিশ মাছের ডিম ছাড়া নিরাপদ করার লক্ষ্যে ইলিশের প্রধান প্রজনন মৌসুম আগামী ৯ অক্টোবর ২০১৯খ্রি. হতে ৩০ অক্টোবর ২০১৯ খ্রি. পর্যন্ত মোট ২২দিন সারাদেশের ন্যায় চারঘাট উপজেলায় ইলিশ মাছ আহরণ, পরিবহন, বাজারজাতকরণ, মজুত, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হয়েছে।

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৮/০৮/১৯ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮-২৫৫ নং প্রজ্ঞাপন এবং মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশের ৮/০৯/২০১৯ খ্রি: তারিখের ৩৩.০২.০০০০.৯২৭.০৩.০১০.১০-২৫৭ নং অফিস স্মারক সভাকে পাঠ করে শোনান।